



# B. E. COLLEGE MODEL HIGH SCHOOL

P.O. : B. GARDEN, HOWRAH - 711 103

PHONE : 2668-1034

website : [www.becollegemodelschool.org](http://www.becollegemodelschool.org)

তাং - ২৫/১১/২০২৩

## ২০২৪ শিক্ষাবর্ষে পঞ্চম শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

সম্পূর্ণ বাংলা মাধ্যমে পঞ্চম শ্রেণিতে ভর্তির জন্য আবেদনপত্র আগামী ১লা ডিসেম্বর, ২০২৩ থেকে ১৫ই ডিসেম্বর ২০২৩ পর্যন্ত কাজের দিনগুলিতে বেলা ১১-৩০ থেকে ১-৩০ টা পর্যন্ত কার্যালয় থেকে নগদ একশত টাকার বিনিময়ে পাওয়া যাবে। তবে দারিদ্রসীমার নীচে বসবাসকারী ছাত্র/ছাত্রীদের জন্য প্রমাণপত্র দাখিল করলে বিনামূল্যে আবেদনপত্র প্রদান করা হবে।

আবেদনকারী ছাত্র/ছাত্রীদের ১লা জানুয়ারী, ২০২৪ তারিখে ন্যূনতম ১০ (দশ) বছর হতে হবে (বর্তমান বছরের নবম শ্রেণিতে রেজিস্ট্রেশনের বয়স অনুযায়ী) এবং বিদ্যালয় থেকে ২ (দুই) কিমি দূরত্বের মধ্যে বসবাসকারী সকল ছাত্র/ছাত্রীদের অগ্রাধিকার দেওয়া হবে। পঞ্চম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে তফশিলী জাতি/উপজাতি/অনগ্রসর শ্রেণির ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষণ নিয়মাবলী প্রযোজ্য।

সঠিকভাবে পূরণ করা আবেদনপত্র জন্মের শংসাপত্রের প্রত্যায়িত জেরক্স কপিসহ আগামী ২রা ডিসেম্বর থেকে ১৫ই ডিসেম্বর ২০২৩ পর্যন্ত প্রতিটা কাজের দিন বেলা ১১-৩০ টা থেকে ১-৩০ টার মধ্যে জম্য দেওয়া যাবে। উল্লেখ্য যে, সংরক্ষণের আওতাভুক্ত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে প্রয়োজনীয় শংসাপত্রের জেরক্সও জমা দিতে হবে।

অন্যান্য বিদ্যালয়ের প্রাথমিক বিভাগের ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে ভর্তির জন্য কোনো লিখিত পরীক্ষা হবে না। তবে সরকারি নির্দেশনামা অনুযায়ী ভর্তিযোগ্য ছাত্র/ছাত্রীদের নির্বাচন আগামী ১৬ই ডিসেম্বর, ২০২৩ বেলা ১১-৩০ টায় লটারীর মাধ্যমে করা হবে। লটারী সংক্রান্ত বিশদ তথ্যও ৪ঠা ডিসেম্বর তারিখে জানানো হবে।

আদেশানুসারে  
**শুভাশিস দত্ত**  
প্রধান শিক্ষক